

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৫২১  
আগরতলা, ৯ অক্টোবর, ২০২৪

**তথ্য ও সংস্কৃতি দপ্তরের মাসিক ম্যাগাজিন ‘সংবাদ ত্রিপুরা’ প্রকাশিত**

তথ্য ও সংস্কৃতি দপ্তরের মাসিক ম্যাগাজিন ‘সংবাদ ত্রিপুরা’ আনুষ্ঠানিকভাবে প্রকাশিত হয়েছে। আজ দুপুরে শ্যামাপ্রসাদ মুখাজী লেনের মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা ‘সংবাদ ত্রিপুরা’-এর আবরণ উন্মোচন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব ড. পি কে চক্রবর্তী ও অধিকর্তা বিষ্ণুসার ভট্টাচার্য। উল্লেখ্য, তথ্য ও সংস্কৃতি দপ্তর থেকে এখন প্রতিমাসে সরকারের উন্নয়ন কর্মসূচি, অগ্রগতি ও সাফল্য, সরকারি অনুষ্ঠান, উৎসব ও মেলার সংবাদ নিয়ে এই ম্যাগাজিন প্রকাশিত হবে।

\*\*\*\*\*